DEC. 29 2001

তারিখ ………
পৃষ্ঠা … ৮ … কলাম … ৬ …

দৈনিক ইনকিলাব



*ইনকিলাব ঃ গতকাল ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের প্রথম শ্রেণীতে ভর্তি পরীক্ষার প্রথম দিনে পরীক্ষা শুরুর পর অপেক্ষমাণ উৎকণ্ঠিত অভিভাবকদের একাংশ*

# রাজধানীর স্কুলগুলোতে ভর্তির লড়াই শুরু ঃ অভিভাবকরা উদ্বেগাকুল

**মোঃ আবদুর রহিম** ॥ সুনামের শীর্ষে অবস্থানকারী ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের প্রথম শ্রেণীতে ভর্তি পরীক্ষা শুরুর মাধ্যমে রাজধানীর মাধ্যমিক পর্যায়ের স্কুলগুলোতে শুরু হয়েছে ভর্তির লড়াই। সন্তানকে একটি ভাল স্কুলে ভর্তি করতে অভিভাবকগণ ছুটছেন এক স্কুল থেকে আর এক স্কুলে। এক কোটি লোকের বাস ঢাকা নগরীতে সরকারী, সরকারী অনুদানপ্রাপ্ত বেসরকারী, সম্পূর্ণ বেসরকারী, সরকারী প্রাইমারী কিন্ডার গার্টেন এবং ইংরেজী মাধ্যম স্কুলের সংখ্যা ২ হাজারের মতো হলে ভালমানের স্কুলের সংখ্যা হাতেগোনা। আর একারণেই প্রতি নতুন বছরে ভর্তিচ্ছু সন্তানের অভিভাবকগণ থাকে উদ্বেগাকুল ও

৫-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## স্কুলগুলোতে ভর্তির লড়াই

৮-এর পৃষ্ঠার পর

উৎকণ্ঠিত। সন্তানের ভবিষ্যৎ রচনায় একটি ভাল স্কুলে ভর্তি করে নিশ্চিত হওয়ার আশায় প্রতিটি দিনই তাদের কাটে চরম অনিশ্চয়তার মধ্যদিয়ে।

কোমলমতি শিশুদের শিক্ষা জীবনের সূত্রপাত ঘটে অসম তীব্র প্রতিযোগিতার মাধ্যমে। প্রথম শ্রেণীতে ভর্তি হতে তাদের প্রস্তুতি নিতে হয় তৃতীয় বা চতুর্থ শ্রেণীর মান অনুযায়ী। একারণে শিক্ষা জীবনের শুরুতেই শিক্ষার বিষয়ে শিশুমনে অজান্তে এক ভয় ঢুকে যায়। আর এর খারাপ প্রভাব বেশী পড়ে ভর্তির লড়াইয়ে পরাজিত ছাত্র-ছাত্রীদের উপর। শিশু মনোবিজ্ঞানীরা এটাকে শিশুদের জন্য ভয়ঙ্কর ক্ষতিকারক বলে উল্লেখ করেছেন।

এতদসত্ত্বেও গতকাল থেকে এভাবেই ভর্তির লড়াই শুরু হয়েছে। এ লড়াই চলবে মধ্য জানুয়ারী পর্যন্ত মানসম্পন্ন স্কুলগুলোতে। মধ্যমানের স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া চলবে জানুয়ারী মাস এবং তার পরও।

ভিকারুননিসা নূন স্কুলে ভর্তি পরীক্ষা চলবে ২৯ ডিসেম্বর পর্যন্ত। ৩০ তারিখ ভর্তি পরীক্ষা হবে উইলস লিটল ফ্লাওয়ার স্কুলে। ৪ তারিখ থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে আইডিয়াল স্কুলে। সরকারী মাধ্যমিক স্কুলসমূহে ৮, ১০ ও ১২ তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব স্কুলে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর ভর্তি পরীক্ষা শুরু হবে মধ্যমানের স্কুলগুলোতে।